তুমি উষার সোনার বিন্দু প্রাণের সিন্ধুকূলে,
শরৎ-প্রাতের প্রথম শিশির প্রথম শিউলিফুলে ॥
    আকাশপারের ইন্দ্রধনু ধরার পারে নোওয়া,
    নন্দনেরই নন্দিনী গো চন্দ্রলেখায় ছোঁওয়া,
    প্রতিপদে চাঁদের স্বপন শুভ্র মেঘে ছোঁওয়া—
    স্বর্গলোকের গোপন কথা মর্তে এলে ভুলে ॥
তুমি কবির ধেয়ান-ছবি পূর্বজনম-স্মৃতি,
তুমি আমার কুড়িয়ে পাওয়া হারিয়ে-যাওয়া গীতি।
    যে কথাটি যায় না বলা কইলে চুপে চুপে,
    তুমি আমার মুক্তি হয়ে এলে বাঁধনরূপে—
    অমল আলোর কমলবনে ডাকলে দুয়ার খুলে ॥

---

Parjaay: Bichitro, Taal: Dadra, Raag: Kafi-Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail